গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মাদারীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ, মাদারীপুর
E-mail: mada_tsc_13@yahoo.com, Web: www.madaripurtsc.gov.bd

স্মারক নং-৫৭.০৩.৫৪০০.৫০০.১৮.০০৩.২১.১৩৩৪ তরিখ: ৯ সেপ্টেম্বর ২০২১খ্রি.

# অফিস আদেশ

বিষয়: মাদারীপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ এর ২০২১-২২ অর্থবছরের “জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সম্পর্কিত” শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির প্রথম ওয়াটারের (জুলাই-সেপ্টেম্বর, ২০২১) সভা আয়োজন প্রসঙ্গে।

মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এর প্রণয়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২২ অনুযায়ী মাদারীপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ এর ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সম্পর্কিত শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির প্রথম কোয়াটারের জুলাই-সেপ্টেম্বর ২০২১ কমিটি’র সভাপতি অত্র প্রতিষ্ঠানের অধ্যক্ষ মহোদয়ের সভাপতিত্বে আগামী ১৯-৯-২০২১খ্রি. তারিখ রোজ রবিবার বেলা ৩:০০ ঘটিকায় অধ্যক্ষ কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দকে যথাসময় অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো হল।

৯-৯-২০২১
(প্রকৌঃ মোঃ মাহবুব হায়দার)
অধ্যক্ষ
মাদারীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ
মোবাইল: ০১৭১১২২৮৩৭৫

স্মারক নং-৫৭.০৩.৫৪০০.৫০০.১৮.০০৩.২১.১৩৩৪ তরিখ: ৯ সেপ্টেম্বর ২০২১খ্রি.

সদয় অবগতির জন্য প্রেরণ করা হল:

১. মহা-পরিচালক, কারিগরী শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ ।
২. পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
৩. জনাব---------------------------------------------------------------------------------।
৪. নিরাপত্তা কর্মকর্তা, অত্র প্রতিষ্ঠান।
৫. সংরক্ষণ নথি।

(প্রকৌঃ মোঃ মাহবুব হায়দার)
অধ্যক্ষ
মাদারীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মাদারীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ, মাদারীপুর
E-mail: mada_tsc_13@yahoo.com, Web: www.madaripurtsc.gov.bd

## শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ে অংশীজনের সঙ্গে অনুষ্ঠিত ১ম মতবিনিময় সভার কার্যবিবরণী

সভাপতি : প্রকৌশলী মোঃ মাহবুব হায়দার, অধ্যক্ষ মাদারীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ।

সভার তারিখ : ১৯ সেপ্টেম্বর ২০২১খি.

সভার সময় : বিকাল ৩:০০ ঘটিকা

সভার স্থান : অধ্যক্ষ কক্ষ

উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি অংশগ্রহণকারী সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। অতঃপর সভাপতি জনাব প্রকৌশলী মোঃ মাহবুব হায়দার, অধ্যক্ষ, মাদারীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ ও এপিএ টিমের ফোকাল পয়েন্ট জনাব আলেয়া বেগমকে সভা আহবানের উদ্দেশ্য ও অন্যান্য বিষয়ে বিস্তারিতভাবে উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সভাপতির নির্দেশনা অনুসরণে জনাব আলেয়া বেগম, একাডেমিক ইনচার্জ ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ এর কার্যক্রম [১.২]- এর লক্ষ্যমাত্রা অর্জনে জুলাই-সেপ্টেম্বর, ২০২১ শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে সভায় অংশগ্রহণকারীদের উন্মুক্ত আলোচনার আহ্বান জানান।

ভায় উপস্থিত বিভিন্ন ট্রেডের চীফ ইন্সট্রাক্টর/বিভাগীয় প্রধান/শিক্ষক প্রতিনিধিবৃন্দ বলেন ২০২০-২১ অর্থবছরে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক মেরামত ও সংস্কার কাজ ইতিমধ্যেই শেষ পর্যায়ে রয়েছে, এছাড়া ৬৪টি টেকনিক্যাল স্কুল ও কলেজের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে পাঁচতলা ভবন নির্মাণে প্রিকাস্ট পাইল ইতিমধ্যেই তৈরি করা হয়েছে। মাঠে বালি ভরাটের কাজ চলমান রয়েছে। এরই মধ্যে শুদ্ধাচার/উত্তম চর্চার অংশ হিসেবে দুর্নীতিবিরোধী স্টিকার স্থাপন, বিশুদ্ধ পানি সরবরাহ, কোভিড-১৯ নিয়ন্ত্রণে রাখতে সচেতনতামূলক স্টিকার স্থাপন ইত্যাদি কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া প্রশিক্ষণর্থীদের স্বাস্থ্য বিধি অনুসরণ করে শরীরের তাপমাত্রা মেপে ইনস্টিটিউটে প্রবেশ ও হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার নিশ্চিতকরণ, পর পর বসার ব্যবস্থাসহ অন্যান্য স্বাস্থ্য সুরক্ষা মূলক কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

জনাব গৌর চন্দ্র হালদার, ইন্সক্টর (পদার্থ) বলেন, শুদ্ধাচার/উত্তম চর্চার অংশ হিসেবে মাদারীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের সকল কর্মকর্তা-কর্মচারীকে হাস্যোজ্জ্বল মুখে অতিথি সেবার ব্রতি হতে হবে। এর ব্যত্যয়ে ব্যক্তিগত তথ্য সর্বোপরি মাদারীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের ভাবমূর্তি ক্ষুণ্ন হওয়ার সম্ভাবনা রয়েছে। তিনি বলেন স্থানীয় পর্যায়ের বিভিন্ন অভিভাবক, স্টেক হোল্ডারদের সর্বোচ্চ সেবা দানে সচেষ্ট থাকা উচিত। এ লক্ষ্যে তিনি সেবা সহজিকরণ এর উদ্দেশ্যে একটি সেবা সেলকে আরো বেশি দায়িত্বশীল হওয়াসহ সেবা দানে সহজ প্রক্রিয়া বের করার পরামর্শ করেছেন।

জনাব কল্যাণ কুমার বিশ্বাস, ইন্সক্টর (ইলেকট্রিক্যাল) মাদারীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ বলেন, শুদ্ধাচার/উত্তম চর্চার অংশ হিসাবে মাদারীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের সকল শিক্ষক কর্মকর্তা-কর্মচারীকে প্রশিক্ষণ প্রদানের বিকল্প নেই।

সভাপতি মহোদয়ের জিজ্ঞাসাবাদের জবাবে জনাব আলেয়া বেগম অবহিত করেন যে, সম্প্রতি ( ২০২০-২১ অর্থবছরে) মাদারীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ কর্তিক অনুসৃত উত্তম চর্চার তালিকা কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করার বিষয়ে ব্যবস্থা গ্রহণের অনুরোধ করে নিম্নলিখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত করার জন্য বলা হয়েছে।

- মাদারীপুর টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের একাডেমিক কার্যক্রম নিবিড়ভাবে পর্যবেক্ষণের জন্য ফেসবুকে শিক্ষকদের সমন্বয়ে Madaripur TSC Teacher-Staff গ্রুপে মেম্বারশিপের ব্যবস্থা করা;
- কর্মকর্তা-কর্মচারীদেরকে স্বাস্থ্য সুরক্ষা মূলক সরঞ্জামাদি সরবরাহ করা;
- কর্মকর্তা-কর্মচারীদের জন্য কর্মকালীন প্রশিক্ষণ ও অগ্নিনির্বাপণ প্রশিক্ষণ এর আয়োজন করা;
- প্রতিষ্ঠান চত্বরে সুপেয় পানি সরবরাহ ও ধূমপানমুক্ত পরিবেশ নিশ্চিত করা;

তালিকায় উল্লেখিত বিষয়গুলো নিয়ে অংশগ্রহণকারীগণ তাদের স্ব-স্ব অভিমত ব্যক্ত করেন। বিশেষ করে তালিকাভুক্ত বিষয়গুলোর মধ্যে স্বাস্থ্যবিধি সংক্রান্ত সচেতনতা বৃদ্ধি করা এবং প্রতিষ্ঠানকে ধূমপানমুক্ত করা হয়েছে মর্মে আলোচনা করেন। এছাড়া কর্মকর্তা-কর্মচারীদের জন্য কর্মকালীন প্রশিক্ষণ নিয়মিতভাবে আয়োজন করার পাশাপাশি অগ্নি নির্বাপন বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে বলে সবাইকে অবহিত করা হয়।

বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

১. চলতি অর্থবছরের কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখতে হবে;
২. তালিকা অনুযায়ী উত্তম চর্চাসমূহ প্রতিপালন করতে হবে।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন

১৯-৯-২০২১

(প্রকৌশলী মোঃ মাহবুব হায়দার)
সভাপতি ও অধ্যক্ষ
মাদারীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মাদারীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ, মাদারীপুর
E-mail: mada_tsc_13@yahoo.com, Web: www.madaripurtsc.gov.bd

## ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সংক্রান্ত মাদারীপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের নৈতিকতা কমিটির ১ম বারের জুলাই-সেপ্টেম্বর, ২০২১ সভার কার্যবিবরণী

সভাপতি : প্রকৌশলী মোঃ মাহবুব হায়দার, অধ্যক্ষ মাদারীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ।
সভার তারিখ : ২৩ সেপ্টেম্বর ২০২১খ্রি.
সভার সময় : বিকাল ৩:০০ ঘটিকা
সভার স্থান : অধ্যক্ষ কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট-ক

মাদারীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা জন্য মাদারীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের নৈতিকতা কমিটির ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর, ২০২১) সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম সূচনা করেন। অতঃপর সভাপতির অনুমোদনক্রমে জনাব গৌর চন্দ্র হালদার, ইন্সট্রাক্টর (পদার্থ) মাদারীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের শুদ্ধাচার পয়েন্ট এর সঞ্চালনায় কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো ২০২১-২২ এর কার্যক্রম ও ধার্যকৃত কর্মসম্পাদন সূচক এর বিপরীতে অর্জিত অগ্রগতি বিষয়ে ধারাবাহিক আলোচনা করেন

সভাপতি অদ্যাবধি চলতি ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো এর সার্বিক বাস্তবায়নের বিষয়ে সন্তোষ প্রকাশ করেন এবং সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি সাফল্যের ধারা অব্যাহত রাখতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | কার্যক্রম ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১.০ | **কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রতিবেদন প্রেরণ**<br>কারিগরি শিক্ষা অধিদপ্তরের চাহিদা অনুযায়ী মাদারীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও অগ্রগতির পরিবীক্ষণ কাঠামোর প্রথম কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। পাশাপাশি দ্বিতীয় কোয়ার্টারের বাস্তবায়ন ও অগ্রগতির প্রস্তুতি কার্যক্রম চলমান রয়েছে। ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে মাদারীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের ওয়েবসাইটে প্রকাশ এবং অক্টেবর ২০২১ মাসের প্রথম সপ্তাহের মধ্যে দ্বিতীয় কোয়ার্টারে শুরু করতে হবে। | প্রশাসনিক শাখা |
| ২.০ | **প্রাতিষ্ঠানিক ব্যবস্থা**<br>মাদারীপুর টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের নৈতিকতা কমিটির সভা নিয়মিত আয়োজন করতে হবে এ লক্ষ্যে আগত ২১২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা নৈতিকতা কমিটির সভা সমূহ যথা সময়ে সম্পন্ন করতে হবে | নৈতিকতা কমিটির সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ৩.০ | **দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন**<br>গত ১৯-৯-২০২১খ্রি. তারিখে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণের শীর্ষক কর্মসূচির নির্ধারিত সভা অনুষ্ঠিত হয়েছে সভায় মাদারীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের শিক্ষক-কর্মকর্তা সুধীজন উপস্থিত ছিলেন। সুধীজনের মধ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের যুগ্ম-সচিব জনাব ড. মোঃ আয়াতুল ইসলাম ইন-হাউজ ট্রেনিং এর মাধ্যমে রিসোর্স পার্সন হিসাবে দক্ষতা ও নৈতিকতা বিষয়ে এবং অত্র প্রতিষ্ঠানের কর্মকর্তা কর্মচারীদের জন্য নিয়মিত ভাবে চাকরি ও সুশাসন সংক্রান্ত বিভিন্ন কথা বলেন। এ বিষয়ে তিনি আরো প্রশিক্ষণের আয়োজনের উদ্যোগ নেয়ার কথা বলেন। | একাডেমিক শাখা |

| ক্রম | কার্যক্রম ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ৪.০ | ওয়েবসাইটের সেবা বক্স হালনাগাদ করুন প্রতিষ্ঠান ওয়েবসাইটে সকল তথ্য ও সেবা বক্সসমূহ নিয়মিত যথাসময়ে হালনাগাদ করতে হবে কোনো তথ্য যাতে বিচ্যুত না হয় সে বিষয়ে সতর্ক থাকতে হবে। | একাডেমিক শাখা |
| ৫.০ | **সুশাসন প্রতিষ্ঠা**<br>উত্তম চর্চার তালিকা প্রণয়ন করা হয়েছে এবং কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। উক্ত তালিকার অংশ হিসেবে মাদারীপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ এর বিভিন্ন উপ-কমিটি কর্তৃক পরিষ্কার পরিচ্ছন্নতা, অগ্নিনির্বাপন ও ফায়ার এক্সটিংগুইশার এর ব্যবহার শীর্ষক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়। উত্তম চর্চার সকল কার্যক্রম এর ধারাবাহিকতা রক্ষা করতে হবে। | আইসিটি সেল/ একাডেমিক শাখা |
| ৬.০ | **স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালীকরণ**<br>কারিগরি শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী আগামী ৩০-০৬-২০২২ তারিখের মধ্যে মাদারীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ এর সেবা প্রদান প্রতিশ্রুতি সিটিজেন চার্টার সংশোধনপূর্বক ওয়েবসাইটে প্রকাশ করা হবে। | সংশ্লিষ্ট উপ কমিটি বা একডেমিক শাখা |
| ৭.০ | **শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার প্রদান**<br>শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে গঠিত কমিটির "শুদ্ধাচার পুরস্কার ২০২১-২২" এর কর্মকর্তা-কর্মচারীকে মনোনয়ন প্রদানের বিষয়ে একটি সভায় মিলিত হয়েছেন এবং সভার কার্যবিবরণী অধ্যক্ষ মহোদয়ের অনুমোদনের নিমিত্ত পেশ করেছেন আগামী ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে মাদারীপুর টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের শুদ্ধাচার পুরস্কার ২০২১-২২ প্রদানের কার্যক্রম সম্পন্ন করতে হবে। | সংশ্লিষ্ট উপ-কমিটি/ একাডেমিক শাখা |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৩-০৯-২০২১
(প্রকৌশলী মোঃ মাহবুব হায়দার)
সভাপতি ও অধ্যক্ষ
মাদারীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ